

দৈনিক ইত্তেফাক

প্রতিটুকু অজ্ঞানের হোসেন শান্তিক মিয়া

এসএসসি ও দাখিলে হোমনায় কমেছে জিপিএ ৫

 ০৮ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

হোমনা (কুমিল্লা) সংবাদদাতা

সদ্য প্রকাশিত এসএসসি ও দাখিল পরীক্ষার ফলাফলে হোমনা উপজেলায় পাসের হার বাড়লেও কমেছে জিপিএ ৫।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এবার এক হাজার ৯'শ ৯৭ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে এক হাজার ৪৭৮ জন উত্তীর্ণ হয়।

জিপিএ ৫ পায় ২১ জন এবং পাসের হার শতকরা ৮৭.০৯ ভাগ। দাখিল পরীক্ষায় ২৫৭ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে ১৮৯ জন উত্তীর্ণ হয়। পাসের হার শতকরা ৭৩.৫৪ ভাগ। দাখিলে কোনো শিক্ষার্থী জিপিএ ৫ পায় নাই।

এছাড়া এসএসসি (ভোকেশনাল) মোট পরীক্ষার্থী ১১৬ জন, উত্তীর্ণ হয়েছে ১১৪ জন, পাসের হার শতকরা ৯৮.২৭ ভাগ, জিপিএ ৫ পেয়েছে আটজন। গতবারের তুলনায় এ বছর এসএসসিতে পাসের হার বেড়েছে শতকরা ৩৫.৮৬ ও দাখিলে ৭.২৪ ভাগ এবং জিপিএ ৫ কমেছে চারটি। এবার উপজেলার ১৭ মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে কোনো প্রতিষ্ঠানেই শতভাগ পাস করেনি।

দাখিলে রয়েনাথপুর দারুস সুন্নত নেছারিয়া সিনিয়র ফার্জিল মাদ্রাসা ও ভোকেশনালে নিলখী উচ্চ বিদ্যালয় শতভাগ পাসের রেকর্ড অর্জন করেন।

জিপিএ ৫ প্রাপ্ত বিদ্যালয়গুলো হলো— হোমনা কফিলউদ্দিন পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় পাঁচ, হোমনা সরকারি উচ্চ বিদ্যালয় পাঁচ, হোমনা আদর্শ উচ্চ বিদ্যালয় তিন, খাদিজা মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয় তিন, কামাল স্মৃতি বালিকা উচ্চ বিদ্যালয় দুই, রামকৃষ্ণপুর কে, কে, আর, কে উচ্চ বিদ্যালয় এক, দুলালপুর চন্দ্রমনি বহুমুখী উচ্চ বিদ্যালয় এক, কলাগাছিয়া এমএ উচ্চ বিদ্যালয় এক এবং এসএসসি (ভোকেশনাল) নিলখী উচ্চ বিদ্যালয় থেকে আটজন শিক্ষার্থী জিপিএ ৫ পায়।

তাৰপ্ৰাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রন্থ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তাৰিন হোসেন কৰ্তৃক ৪০, কাওৱান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কৰ্তৃক নিউ নেশন প্রিন্টিং প্ৰেস, কাজলারপাড়, ডেমো রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কৰ্তৃক সৰ্বস্বত্ত্ব সংৰক্ষিত